বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট- ২

সার্কুলার লেটার নং- ০২/২০১৮ তারিখ ঃ ২৫-০২-২০১৮ খ্রিঃ

বিষয় ঃ তথ্যের গোপনীয়তা রক্ষা প্রসংগে।

শিরোনামে বর্ণিত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, অর্থ মন্ত্রণালয়, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, প্রশাসন ও কল্যাণ শাখার পত্র নং ৫৩.০০.০০০০.২১১.৯৯.০০৪.১৭-৯৮ তারিখ ০১-০২-২০১৮ এ বর্ণিত নির্দেশাবলির আলোকে "রাষ্ট্রীয় নিরাপত্তা ও গোয়েন্দা কার্যের অতি গোপনীয় ও গুরুত্বপূর্ণ সকল তথ্যাদি যথাযথ কর্তৃপক্ষ ব্যতিরেকে অন্য কারও কাছে প্রকাশিত না হয়" মর্মে বিষয়টি সর্বোচ্চ গুরুত্বারোপপূর্বক ব্যাংকের সংশ্লিষ্ট সকলের অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত মন্ত্রণালয়ের পত্রের ছায়ালিপি এতদ্সংগে প্রেরণ করা হলো।

অনুমোদনক্রমে,

সংযুক্তিঃ ০৪ (চার) পাতা।

২৫/০২/২০১৮
(মোঃ আনোয়ারুল ইসলাম)
সমব্য (বিভাগীয় দায়িত্বে)
ফোনঃ ৯৫৫৬৯১১

নং-প্রকা/এইচআরএমডি-২/২১(৩)(১৭)/২০১৭-২০১৮/২৯৫৮ তারিখ ঃ ২৫-০২-২০১৮ ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১/২/৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপকের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক/ অধ্যক্ষ, বিকেবি স্টাফ কলেজ, ঢাকা।
০৪। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। (কর্মী সংক্রান্ত ঘোষণাটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে অনুরোধ করা হলো)।
০৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬। সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখা, বিকেবি (স্থানীয় মুখ্য কার্যালয়সহ)।
০৭। সকল আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)।
০৯। নথি/মহানথি।

২৫/০২/২০১৮
(মোঃ জাহাঙ্গীর আলম)
মুখ্য কর্মকর্তা

ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
নং ২৭৭১ তারিখ ০৫/২/১৮
ডিএমডি
জিএম প্রশাসন
ডিজিএম
তারিখঃ ৫ ফেব্রুয়ারি ২০১৮ ব্যবস্থাপনা পরিচালক

মহাব্যবস্থাপক (প্রশাসন) এর দপ্তর
নং ৭১৬ তারিখ ০৭/০২/১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
প্রশাসন ও কল্যাণ শাখা
www.fid.gov.bd

নম্বর: ৫৩.০০.০০০০.২১১.৯৯.০০৪.১৭- ৭৮

বিষয়: তথ্যের গোপনীয়তা রক্ষা প্রসঙ্গে।

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের পত্র নম্বর ০৪.০০.০০০০.৪১৬.৯৯.০০১.১৮.৮৩ তারিখ ২৪.০১.২০১৮।

সূত্রোক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে সরবরাহকৃত পত্রের নির্দেশনার আলোকে "রাষ্ট্রীয় নিরাপত্তা ও গোয়েন্দা কার্যের অতি গোপনীয় ও গুরুত্বপূর্ণ সকল তথ্যাদি যথাযথ কর্তৃপক্ষ ব্যতিরেকে অন্য কারও কাছে প্রকাশিত না হয়" বিষয়টি সর্বোচ্চ গুরুত্বারোপপূর্বক বিবেচ্যপত্রের অনুলিপি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০৩ (তিন)পাতা

(মোঃ মনিরুল ইসলাম)
উপসচিব
ফোন: ৯৫৫৯১০৯
admin@fid.gov.bd

বিতরণ-সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
২। চেয়ারম্যান, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি, আগারগাও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা
৩। চেয়ারম্যান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ৩৭, মতিঝিল বা/এ, ঢাকা।
৪। এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি, ৮,শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক, বড় মগবাজার,ঢাকা।
৫। ব্যবস্থাপনা পরিচালক ও সিইও, সোনালী/জনতা /অগ্রণী/বিডিবিএল/বেসিক ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
৬। ব্যবস্থাপনা পরিচালক, রূপালী/প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৭। পরিচালক, বাংলাদেশ ইনসুরেন্স একাডেমি, বাংলাদশ ইনসুরেন্স ভবন, ৫৩ মহাখালী বা/এ, ঢাকা।
৮। ব্যবস্থাপনা পরিচালক, আইসিবি/বিকেবি/বিএইচবিএফসি/আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক/কর্মসংস্থান ব্যাংক/রাকাব সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশন (বিডি) লি., প্রধান কার্যালয়, ঢাকা/রাজশাহী, গাজীপুর।
৯। ব্যবস্থাপনা পরিচালক, জীবন বীমা কর্পোরেশন/ সাধারণ বীমা কর্পোরেশন, প্রধান কার্যালয়, ঢাকা।
১০। ব্যবস্থাপনা পরিচালক, পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন(পিকেএসএফ), ভবন নং- ই-৪/বি, আগারগাও, ঢাকা
১১। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদশ মিউনিসিপ্যাল ডেভলপমেন্ট ফান্ড(বিএমডিএফ), গ্রামীণ ব্যাংক ভবন, মিরপুর-২, ঢাকা।
১২। ব্যবস্থাপনা পরিচালক, সোসাল ডেভলপমেন্ট ফাউন্ডশন (এসডিএফ), জেড-হাউজ, ৬/৬ ব্লক-এফ, লালমাটিয়া, ঢাকা
১৩। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন, বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমী ভবন, ৫৩ মহাখালী বা/এ, ঢাকা।
১৪। চীফ অপারেটিং অফিসার,স্বনির্ভর বাংলাদেশ, ৫৫/ব্লক সি,লালমাটিয়া, ঢাকা-১২০৭।
১৫। নির্বাহী প্রেসিডেন্ট, বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট,বিজিআইসি টাওয়ার,৩৪ তোপখানা রোড,ঢাকা।
১৬। ব্যবস্থাপনা পরিচালক, গ্রামীণ ব্যাংক, প্রধান কার্যালয়, মিরপুর২-, ঢাকা।
১৭। ব্যবস্থাপনা পরিচালক, সৌদি- বাংলা ইন্ডাস্ট্রিয়াল ইনভেস্টমেন্ট কোম্পানি লি. (সাবিনকো), প্রধান কার্যালয়, ঢাকা।
১৮। ব্যবস্থাপনা পরিচালক, দি ইউএই-বাংলাদেশ ইনভেস্টমেনট কোম্পানি লি. (ইউবিকা), প্রধান কার্যালয়, ঢাকা।
১৯। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ কমার্স ব্যাংক, প্রধান কার্যালয়, ইউনুস ট্রেড সেন্টার, ৫২-৫৩ দিলকুশা বা/এ, মতিঝিল,ঢাকা।

অনুলিপি- সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়।
২. সিনিয়র সচিবের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
<u>সাধারণ অধিশাখা</u>
www.cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.৪১৬.৯৯.০০১.১৮.৮৩

১১ মাঘ ১৪২৪
তারিখ:-------------------
২৪ জানুয়ারি ২০১৮

বিষয়: তথ্যের গোপনীয়তা রক্ষা প্রসঙ্গে।

সূত্র: প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাসের
১৯.১২.২০১৭ তারিখের ২৩.০১.৯০১.৮০০.০৩.০১৫.০১.১৯.১২.১৭ সংখ্যক স্মারক

উপর্যুক্ত বিষয়ে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর কর্তৃক প্রেরিত পত্রের ছায়ালিপি এতৎসঙ্গে প্রেরণ করা হল।

০২। এমতাবস্থায়, রাষ্ট্রীয় তথ্যের গোপনীয়তা ও নিরাপত্তা বজায় রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তি: বর্ণনামতে।

| সিনিয়র সচিব মহোদয়ের দপ্তর, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | |
|---|---|
| ডায়েরী নম্বর: | তারিখ: |
| অতিরিক্ত সচিব | দ্রুত ব্যবস্থা নিন |
| যুগ্ম-সচিব | আলোচনা করুন |
| উপ-সচিব | জরুরী |
| সিনিয়র সহকারী সচিব | উপস্থাপন করুন |
| একান্ত সচিব | নথিভুক্ত |
| | স্বাক্ষর : |

মোঃ সাজ্জাদুল হাসান
উপসচিব
ফোন: ৯৫৪০৯৭১
general_sec@cabinet.gov.bd

০১। সিনিয়র সচিব
........আর্থিক প্রতিষ্ঠান........ মন্ত্রণালয়/বিভাগ

০২। সচিব/ভারপ্রাপ্ত সচিব
........................................................ মন্ত্রণালয়/বিভাগ

নম্বর: ০৪.০০.০০০০.৪১৬.৯৯.০০১.১৮.৮৩

১১ মাঘ ১৪২৪
তারিখ:-------------------
২৪ জানুয়ারি ২০১৮

অনুলিপি:

০১। প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা
০২। মহাপরিচালক, সদর দপ্তর, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাস
০৩। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ

মোঃ সাজ্জাদুল হাসান
উপসচিব

গোপনীয়

সদর দপ্তর প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর
ঢাকা সেনানিবাস

তারালাপনীঃ ৮৮৭১৮০০ বর্ধিত

মন্ত্রিপরিষদ বিভাগ
মন্ত্রিপরিষদ সচিবের দপ্তর
ডায়েরি নং ১৬৩৫
তারিখ ৫/১২/১৭

২৩.০১.৯০১.৮০০.০৩.০১৫.০১.১৯.১২.১৭

৫ পৌষ ১৪২৪/ ১৯ ডিসেম্বর ২০১৭

গোয়েন্দা তথ্য ফাঁস হওয়া প্রসংগে

বরাতঃ

ক। মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, আধা-সরকারী পত্র নম্বর ০৪.০০.০০০০.৪১৬.৯৯.০০১.১৭.১৮১ তারিখ ১৫ মে ২০১৭।

১। প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর (ডিজিএফআই) একটি অত্যন্ত সংবেদনশীল ও গুরুত্বপূর্ণ সংস্থা, যা সশস্ত্র বাহিনীসহ অন্যান্য সংস্থা/প্রতিষ্ঠান এবং রাষ্ট্রীয় নিরাপত্তা বিষয়ক তথ্য-উপাত্ত দ্বারা গোয়েন্দা কার্যক্রম পরিচালনা করে থাকে। এ পরিপ্রেক্ষিতে অত্র সংস্থা কর্তৃক প্রেরিত যে কোন গোয়েন্দা তথ্যের গোপনীয়তা রক্ষাপূর্বক যথাযথ পদ্ধতি অনুসরণের মাধ্যমে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে বলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট অত্র সংস্থা প্রত্যাশা করে।

২। বরাত ক এর মাধ্যমে ইতঃমধ্যে আপনার আওতাধীন সকল মন্ত্রণালয়ে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করা হয়েছে মর্মে অত্র সংস্থা অবহিত হয়েছে। তথাপিও গত ০৮ নভেম্বর ২০১৭ তারিখে প্রথম আলোর অনলাইন ভার্সনে অত্র সংস্থা কর্তৃক সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবর প্রেরিত "আগারগাঁও পাসপোর্ট অফিসে দুর্নীতি" সংক্রান্ত একটি প্রতিবেদনের হুবহু তুলে ধরা হয়েছে (সংযুক্তি-১)। এছাড়া জনৈক মোঃ নাজিমুদ্দিন নামক এক সাংবাদিক কর্তৃক অত্র সংস্থার মহাপরিচালক বরাবর প্রেরিত একটি উড়োচিঠিতে "আগারগাঁও পাসপোর্ট অফিসে দুর্নীতি ও দালালদের দৌরাত্ম্যঃ সাধারণ মানুষের ভোগান্তি" শীর্ষক অত্র সংস্থার মূল প্রতিবেদন এবং মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের স্মারক পত্রটির ফটোকপি সংযুক্ত করা হয়েছে (সংযুক্তি-২)। এভাবে অত্র সংস্থার গোয়েন্দা প্রতিবেদন এবং প্রধানমন্ত্রীর অফিসের পত্র সমূহ প্রকাশ পাওয়ার বিষয়টি তথ্যের নিরাপত্তা বিবেচনায় অত্যন্ত উদ্বেগজনক ও আশংকার কারণ বলে অত্র সংস্থা মনে করে।

৩। এ প্রেক্ষিতে রাষ্ট্রীয় তথ্যের গোপনীয়তা ও নিরাপত্তার স্বার্থে সকল ধরণের তথ্যের যথাযথ গোপনীয়তা বজায় রাখা নিশ্চিত করার জন্য আপনাদের সদয় দৃষ্টি আকর্ষণ এবং এ ব্যাপারে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

হামিদুল হক
ব্রিগেডিয়ার জেনারেল
পক্ষে মহাপরিচালক

বিতরণ ঃ

অবগতি ঃ

কার্যক্রম ঃ

মন্ত্রী পরিষদ সচিব
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

মন্ত্রিপরিষদ বিভাগ
প্রশাসন অধিশাখা
তারিখ ০৯.০১.১৮

সাধারণ অধিশাখা
ডায়েরি নং ০১
তারিখ ০৯/০১/১৮

মোহাম্মদ শফিউল আলম
মন্ত্রিপরিষদ সচিব
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আধা-সরকারি পত্র নম্বর: ০৪.০০.০০০০.৪১৬.৯৯.০০১.১৭.১৮১

তারিখ: ০১ জ্যৈষ্ঠ ১৪২৪ / ১৫ মে ২০১৭

প্রিয় সহকর্মী,

আপনি নিশ্চয়ই অবগত আছেন যে ডাইরেক্টরেট জেনারেল অফ ফোর্সেস ইনটেলিজেন্স (ডিজিএফআই), জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা (এনএসআই)সহ অন্যান্য গোয়েন্দা সংস্থা রাষ্ট্রীয় নিরাপত্তা ও গোয়েন্দা কার্যে নিয়োজিত থেকে অত্যন্ত গোপনীয়তার সঙ্গে অর্পিত দায়িত্ব পালন করে থাকে। গোয়েন্দা সংস্থা কর্তৃক সরবরাহকৃত তথ্য দেশ পরিচালনায় নীতি-নির্ধারণী পর্যায়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এই সকল অতি গোপনীয় তথ্য সিলগালাকৃত খামে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করা হয় যাতে উক্তরূপ তথ্য যথাযথ কর্তৃপক্ষ ব্যতিরেকে অন্য কারও কাছে প্রকাশিত না হয়।

২। সম্প্রতি মহাপরিচালক, ডিজিএফআই কর্তৃক প্রেরিত আধা-সরকারি পত্র মারফত জানা যায় যে গোয়েন্দা সংস্থার তথ্যের গোপনীয়তা অনেক সময় রক্ষিত হচ্ছে না। কোনো কোনো ক্ষেত্রে সংশ্লিষ্ট গোয়েন্দা সংস্থার প্রতিবেদনের বরাতসূত্র উল্লেখ করা হয়, এমনকি উক্তরূপ প্রতিবেদনের ছায়ালিপিও কার্যার্থে সরবরাহ করা হয়-যা অনাকাঙ্ক্ষিত। এই ধরনের কাজের ফলে সরকারি বিভিন্ন সংস্থার সঙ্গে গোয়েন্দা সংস্থাসমূহের সম্পর্কের অবনতি ঘটছে এবং মাঠ পর্যায়ে গোয়েন্দা সংস্থাসমূহের কাজে বিঘ্ন সৃষ্টি হচ্ছে।

৩। এমতাবস্থায়, আপনার মন্ত্রণালয়/বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থায় উল্লিখিত বিষয়টির গুরুত্ব অনুধাবন করে যেকোনো গোয়েন্দা সংস্থার গোপনীয় প্রতিবেদন অত্যন্ত সতর্কতার সঙ্গে যথাযথ পদ্ধতি অনুসরণপূর্বক যথাযথ কার্যক্রম গ্রহণে আপনার ব্যক্তিগত উদ্যোগ প্রত্যাশা করছি।

শ্রদ্ধা ও শুভেচ্ছান্তে

আন্তরিকভাবে আপনার,

১৫.৫.১৭

(মোহাম্মদ শফিউল আলম)

সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব (সকল)

অনুলিপি:
মহাপরিচালক
ডাইরেক্টরেট জেনারেল অফ ফোর্সেস ইনটেলিজেন্স (ডিজিএফআই)
ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা।